

মুগাড়য়

শাবির ৩য় সমাবর্তনের রেজিস্ট্রেশনের সময় বৃদ্ধি

প্রকাশ : ৩১ অক্টোবর ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংক্ষরণ

 শাবি প্রতিনিধি

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (শাবি) তৃতীয় সমাবর্তনের রেজিস্ট্রেশনের সময় ৩০ অক্টোবরের পরিবর্তে ৫ নভেম্বর পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে। বুধবার একাডেমিক কাউন্সিলের সভা শেষে শাবি ভিসি অধ্যাপক ফরিদ উদ্দিন আহমেদ বিষয়টি নিশ্চিত করেছেন। শাবি ভিসি জানান, বুধবার পর্যন্ত ৪৭৯৯ জন সাবেক শিক্ষার্থী সমাবর্তনের জন্য আবেদন করেছেন। ২০২০ সালের ৮ জানুয়ারি অনুষ্ঠিতব্য সমাবর্তনে বিশ্ববিদ্যালয়ের আচার্য রাষ্ট্রপতি মো. আব্দুল হামিদের উপস্থিত থাকার কথা রয়েছে। বিশ্ববিদ্যালয়ের ২০০১-০২ থেকে ২০১০-১১ শিক্ষাবর্ষ পর্যন্ত স্নাতক, ২০০২-০৩ থেকে ২০১০-১১ শিক্ষাবর্ষ পর্যন্ত স্নাতকোত্তর (মাস্টার্স) উত্তীর্ণ, ২০০২-০৩ থেকে ২০১০-১১ শিক্ষাবর্ষ পর্যন্ত এমবিবিএস, বিডিএস, এমফিল, পিএইচডি ডিগ্রি অর্জনকারী শিক্ষার্থীরা সমাবর্তনে অংশগ্রহণ করতে পারবেন। সমাবর্তন সম্পর্কিত যে কোনো তথ্য সমাবর্তনের ওয়েবসাইট sustconvocation.com ও convocation-sust.eduতে যোগাযোগ করে পাওয়া যাবে।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞপ্তি : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।